

# Reception Dinner hosted by Thai Embassy in New Delhi on the theme of “75th Anniversary: Celebrating Indo-Thai Friendship” (August 01, 2022)

August 02, 2022

## “ইন্দো-থাই বন্ধুত্বের 75 তম বার্ষিকী পূর্তি উদযাপন” থিমে নিউ দিল্লিতে থাই দূতাবাস দ্বারা আয়োজিত অভ্যর্থনা নৈশভোজ (অগাষ্ট 01, 2022 )

অগাষ্ট 02, 2022

1 অগাষ্ট 2022 -এ ভারত এবং থাইল্যান্ডের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 75 বছর পূর্তি উপলক্ষে ভারতে রাজকীয় থাই দূতাবাস দ্বারা আয়োজিত একটি অনুষ্ঠানে বিদেশ প্রতিমন্ত্রী ডঃ রাজকুমার রঞ্জন সিং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সমাবেশের উদ্দেশ্যে ভাষণ দেবার সময়, মাননীয় মন্ত্রী দুই দেশের মধ্যে দৃঢ় দ্বিপাক্ষিক সম্পর্কের প্রতি তার সন্তোষ এবং আনন্দ প্রকাশ করেন। এই উদযাপনগুলি ভারতের স্বাধীনতার 75 বছর পূর্তি উপলক্ষে আজাদিকা অমৃত মহোৎসব (একেএএম) -এর সাথে সমাপন হওয়ায় তিনি তার আনন্দ প্রকাশও করেছেন। মন্ত্রী সাম্প্রতিক কালে 29-31 শে জুলাই 2022 -এ দ্বিতীয় উত্তর-পূর্ব ভারত উৎসব উপলক্ষে তার থাইল্যান্ড সফরের কথাও উল্লেখ করেছেন, যেটি উত্তর-পূর্ব ভারতের ব্যবসায়ী সম্প্রদায়ের জন্য বিশেষ করে পর্যটন, কৃষি ও খাদ্য প্রক্রিয়া করণ ক্ষেত্রে যথেষ্ট ব্যবসার সুযোগ খুলে দেবে বলে আশা করা যায়।

তারপরে কূটনৈতিক সম্পর্কের 75 তম বার্ষিকী স্মরণে একটি শর্ট ফিল্ম এবং “ আশ্চর্য্য জনক নতুন অধ্যায়ঃ থাইল্যান্ডে দায়িত্বশীল পর্যটন”-এর উপরে একটি প্রচার মূলক ছবির উদবোধন করা হয়। এরপরে থাই দলের সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় এবং থাইল্যান্ডের পর্যটন আধিকারিকের ডেপুটি গভর্নর মিস্টার থানেত পেচসুয়ান এবং ভারতে থাইল্যান্ডের রাষ্ট্রদূত হিজ এক্সেলেন্সি মিস্টার পাতারাত হংটং তাদের বক্তব্য রাখেন।

বিভিন্ন ক্ষেত্রে বৃহত্তর সহযোগিতার পথ সহ ভারত ও থাইল্যান্ডের মধ্যে উষ্ণ সম্পর্ক তুলে ধরে অনুষ্ঠানটি সফলভাবে সমাপ্ত হয়।

নিউ দিল্লি  
অগাষ্ট,02,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.